

**বিটিআরসি স্কুল কলেজ
মাদ্রাসায় ৭৫ ভাগ
কম মূল্যে ইন্টারনেট
সুবিধা দেবে**

স্টাফ রিপোর্টার : বিটিআরসি দেশের
প্রাথমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়,
কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়
গুলোতে শতকরা ৭৫ ভাগ কম মূল্যে
ইন্টারনেট সুবিধা পৌঁছে দিবে।
পুনর্নির্ধারিত ব্যান্ডউইথ চার্জের ফলে
গ্রামাঞ্চলে ব্রডব্যান্ড ইন্টারনেটের বিস্তার
করা হবে। এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান,
আধাসরকারী, স্বায়ত্তশাসিত সংস্থায়
শতকরা ৬০ ও ২০ ভাগ কম মূল্যে
ব্যান্ডউইথ সুবিধা দেয়া হবে।
বিটিআরসির চেয়ারম্যান মেজর
জেনারেল (অব) মঞ্জুরুল আলম এ কথা
বিস্ময়ন। (২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

বিটিআরসি স্কুল (প্রথম পাতার পর)

ভিনি বলেন, জনস্বার্থে সাবমেরিন কেবলের পুনর্নির্ধারিত
ব্যান্ডউইথ চার্জের সুযোগ ব্যবহার করে দেশে তথ্য প্রযুক্তির
ব্যাপক বিস্তার করা হবে। জনগণ কম খরচে ব্যান্ডউইথ
ব্যবহারের সুযোগ পাবে। এই সুযোগ কাজে লাগানোর জন্য
ইন্টারনেট প্রোভাইডারদের আহ্বান জানানো হয়েছে।
এক্ষেত্রে ওয়াইম্যান প্রযুক্তি দেশের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা
পালন করবে। আমাদের দেশের শতকরা ৮০ ভাগ মানুষ
গ্রামে বসবাস করে। তাদের কাছে কম খরচে তথ্য প্রযুক্তি
পৌঁছে দিতে না পারলে দেশের উন্নয়ন হবে না। আমরা
ইতোমধ্যে টেলিফোন বাড়িয়েছি। কিন্তু দুঃখজনক হলো
সত্য যে আমরা পাওয়ারব্যান্ডে খুব বেশি আশ্রয় পাইনি।
ওয়াইম্যান হচ্ছে এমন একটা প্রযুক্তি যা সহজে দ্রুত গতিতে
ব্রডব্যান্ডে সংযোগ দিতে পারবে। ওয়াইম্যান বা
ওয়াডওয়াড ইন্টারঅপারেভিলাইটি ফর মাইক্রোওয়েভ
এয়ারেস আমাদের দেশের জন্য প্রয়োজ্য। কারণ একটা
বেজস্টেশন থেকে ৫০ কিলোমিটার এরিয়ার মধ্যে এই
প্রযুক্তিতে কাজ করা সম্ভব।